দৈনিক ইনকিলাব

তারিখ 13 MAY 2003
পৃষ্ঠা ... ... ... কলাম ...... ......

# শিক্ষার মান উন্নয়নে সরকার বাস্তবমুখী পদক্ষেপ নিয়েছে

**.............. শিক্ষামন্ত্রী**

শেরপুর জেলা সংবাদদাতা ঃ শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, বর্তমান সরকার শিক্ষার মান উন্নয়নে বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। প্রতিটি জেলা ও উপজেলায় শিক্ষার মান যাচাই ও তদারকি করার জন্য শিক্ষা কমিটি গঠন করার প্রক্রিয়া শুরু হয়েছে। এছাড়াও প্রতিটি জেলায় একটি করে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা হবে, যার ব্যয়ভার সরকার বহন করবে। তিনি গত ১০ মে শেরপুর সরকারী মহিলা কলেজের একশ' শয্যাবিশিষ্ট ছাত্রী নিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে এ কথা বলেন।

ছাত্রী নিবাসটি নির্মাণের জন্য ব্যয় হবে এক কোটি টাকা। এছাড়াও মন্ত্রী কলেজের নবনির্মিত একাডেমিক ভবনের উদ্বোধন করেন। একাডেমিক ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৫৪ লাখ টাকা। এর আগে মন্ত্রী জেলার নকলা চৌধুরী ছবুরুন্নেছা মহিলা কলেজে এক শিক্ষক সমাবেশে বক্তব্য রাখেন।